মেহেরপুরে উপজেলা পর্যায়ে ৪৯তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলা পর্যায়ে ৪৯তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার শীতকালীন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও সমাপনি অনুষ্ঠান গতকাল শনিবার বিকাল ৩ টার দিকে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়।

সমাপনি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুদুল আলম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরষ্কার বিতরণ করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ এর ভাইস চেয়ারম্যান মো: মোমিনুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান মোছা: লতিফোন নেছা লতা, আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দীন আহাম্মদ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিনয় কুমার চাকি।

প্রতিযোগীতায় মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার ছাত্র-ছাত্রী অংশগ্রহন করে। সমাপনি অনুষ্ঠানটি উপস্থাপনা করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের পরিদর্শক মো: আনারুল ইসলাম।

আমঝুপি প্রতিনিধি:

নেপালে এসএ গেমসে স্বর্ণপদক জয়ী ইতি খাতুনকে সংবর্ধনা

অতি সম্প্রতি নেপালে অনুষ্ঠিত এসএ গেমসে স্বর্ণপদকজয়ী ইতি খাতুনকে সংবর্ধনা দিয়েছে জেলা প্রশাসন।

সোমবার বিকেল সাড়ে চারটায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে এ সংবর্ধনা দেওয়া হয়।

সংবর্ধনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মো. নজরুল ইসলাম সরকার। প্রধান অতিথি ছিলেন সংবর্ধিত অতিথি ইতি খাতুন।

চুয়াডাঙ্গার মেয়ে ইতি খাতুন এসএ গেমসে আর্চারিতে স্বর্ণপদক জয়লাভ করেন। তিনি একক ও দলগতভাবে মোট তিনটি স্বর্ণপদক পান।

চুয়াডাঙ্গা শহরের বেলগাছি মুসলিম পাড়ায় ইতি খাতুন তার বাবা ও মায়ের সাথে রেলওয়ের জমিতে বসবাস করেন। তাদের নিজেদের কোনো জমি নেই। ইতি খাতুন চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বিদ্যালয়ের অস্টম শ্রেণির ছাত্রী।

সংবর্ধনা অনুষ্ঠানে ইতি খাতুন বক্তৃতা দিতে গিয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন। ইতি খাতুন জানান, দেশের মুখ উজ্জ্বল করার জন্য আমি আমার প্রচেস্টা অব্যাহত রেখেছি। আমি আমার খেলার মাধ্যমে বাংলাদেশের মুখ উজ্জ্বল করার চেস্টা করবো।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মো. নজরুল ইসলাম সরকার তার বক্তব্যে ইতি খাতুনের বসবাসের জন্য খাস জমি দেওয়ার ঘোষণা দেন।

জেলা প্রশাসন আয়োজিত সংবর্ধনা শেষে জেলা ক্রীড়া সংস্থা, মহিলা ক্রীড়া সংস্থাও ইতি খাতুনকে ক্রেস্ট ও ফুল দিয়ে সংবর্ধনা জানায়।

-চুয়াডাঙ্গা প্রতিনিধি

মোনাখালী ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় শিরোপা ঘরে তুলেছে মোনাখালী একাদশ

মোনাখালী ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় শিবপুর সমাজ কল্যান ক্লাবকে ২-১গোলে পরাজিত করে শিরোপা ঘরে তুলেছে মোনাখালী

একাদশ।

প্রথম পুরুষ্কার হিসেবে দেওয়া হয়েছে একটি গরু এবং রানাস আপ দলকে দেওয়া হয়েছে একটি ছাগল। খেলার প্রথর্মাধে মোনাখালি একাদশের খেলোয়াড় লিখন ও যাদ্রি একটি করে গোল করে।

দ্বিতীয়ার্ধে শিবপুর একটি করে গোল করে। সেরা খেলোয়াড় হিসেবে পুরুষ্কার পেয়েছেন মোনাখালী একাদশের রক্ষনভাগের খেলোয়ার দেলোয়ার হোসেন। সেরা দলনেতা হিসেবে পুরুষ্কার পেয়েছেন বিজয়ী দলের অধিনায়ক শরিফুল ইসলাম।

খেলা শেষে সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোনাখালী ইউপে চেয়ারম্যান ও খেলা আয়োজক কমিটির সভাপতি মফিজুর রহমান মফিজ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ওসমান গনি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম। অনুষ্ঠান শেষে বিজয়ী দলের হাতে প্রথম পুরুষ্কার একটি গরু ও রানাস আপ দলের হাতে একটি ছাগল তুলে দেওয়া হয়।

- নিজস্ব প্রতিনিধি

ভারতে অনুষ্ঠিত মার্শাল আর্ট এ স্বর্ণ পদক পেলেন মেহেরপুরের হুসাইন

ভারতে অনুষ্ঠিত বুম ওপেন এশিয়া এমেচার মিক্সড মার্শাল আর্ট চ্যাম্পিয়ন শিপএ ৫৭ কেজি ওজন বিভাগে মিক্সড মার্শাল আর্ট এ স্বর্ন পদক লাভ করেছে মেহেরপুরের গাংনীর হুসাইন কবির। হুসাইন কবির উপজেলার গাড়াবাড়িয়া গ্রামের মোঃ হায়দার আলির ছেলে।
ওপেন এশিয়া এমেচার মিক্সড মার্শাল আর্ট চ্যাম্পিয়ন শিপ বাংলাদেশ দল থেকে তিনি অংশ নেন।

টুর্নামেন্টে স্বর্ন জয়ী হুসাইন কবিরের সাথে তার শিক্ষক রাজন হালদার লিটন,প্রশিক্ষকের দায়িত্বে ছিলেন হাবিব পারভেজ এবং দলিয় টিম ম্যানেজার ছিলেন আবিদ হাসান তানভীর।
- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে প্রশিক্ষণরত ক্রিকেটারদের প্রীতি ম্যাচ অনুষ্ঠিত

মেহেরপুর স্টেডিয়াম মাঠে প্রশিক্ষণরত অনূর্ধ্ব ১৪ অনূর্ধ্ব ১৬ ক্রিকেটারদের মধ্যে প্রীতি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবারে ম্যাচ অনুষ্ঠিত হয়।

খেলায় অনূর্ধ্ব ১৪ ক্রিকেট দল ৫ উইকেটে জয়লাভ করে। প্রথমে ব্যাট করতে নেমে অনুর্ধ ১৬ দল ৪০ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১০৬ রান সংগ্রহ করে। দলের পক্ষে আসিব সর্বোচ্চ ২৭ রান করে। অনূর্ধ্ব ১৪ এর সোহান ৫ উইকেট লাভ করেন।

জবাবে খেলতে নেমে অনূর্ধ্ব ১৪ দল ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। দলের পক্ষে আসিফ সর্বোচ্চ ২৯ রান করেন।

- নিজস্ব প্রতিনিধি

আলমডাঙ্গা রুইথনপুরে আর পি এল

ক্রিকেট লিগের ফাইনাল খেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানার চিৎলা ইউনিয়নের রুইথনপুর স্কুল মাঠে এই লীগের আয়োজন করা হয়।

উক্ত খেলার ফাইনাল ম্যাচটি গতকাল অনুষ্ঠিত হয়েছিল।

উক্ত খেলায় যে দুটি দল অংশগ্রহণ করে লামিয়ার ট্রেডাস স্পোর্টিং ক্লাব ও বন্ধু স্পোর্টিং ক্লাব।

এই খেলায় লামিয়া ট্রেডার্স স্পোটিং ক্লাব ১৭ রানে বিজয়ী হয়।

উক্ত খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার আওয়ামী যুবলীগের কর্ণধর ও আহবায়ক জনাব নঈম হাসান জোয়াদ্দার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক জনাব জিল্লুর রহমান জিল্লু। উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কৃষকলীগের প্রচার সম্পাদক জনাব মহাসিন রেজা।

উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন যুবলীগের আহ্বায়ক জনাব এন্তাজুল হক, ইউনিয়ন যুবলীগের যুগ্ন আহবায়ক জনাব রবিউল ইসলাম মল্লিক, মঞ্জুরুল ইসলাম মঞ্জু, শাহ আল ইমরান, হাসানুজ্জামান ছরোয়ার।

আরো উপস্থিত ছিলেন ওয়ার্ড আওয়ামী লীগের সদস্য শহিদুল ইসলাম, বুলবুল ইসলাম, নুরুল ইসলাম, আজিজুল হক, ইদু, আশাবুল প্রমুখ।

প্রধান অতিথি চ্যাম্পিয়ণ দলের হাতে প্রথম পুরস্কার তুলে দেন।

ও বিশেষ অতিথি রানার আপ টিমের হাতে দ্বিতীয় পুরস্কার তুলে দেয়।

উক্ত খেলায় সভাপতি করেন রবিউল ইসলাম মল্লিক। অনুষ্ঠানটি পরিচালনা করেন রোকন ও ডাবলু।

- চিৎলা প্রতিনিধি

মেহেরপুরে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে দুরন্ত হোটেল বাজার চ্যাম্পিয়ন

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগ বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।
বুধবার বিকেলে মেহেরপুর স্টেডিয়াম মাঠে এ পুরস্কার বিতরণ করা হয়। কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগ উপ কমিটির আহ্বায়ক সৈয়দ এহসানুল কবির আরিফের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব ও জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি কে এম আতাউল হাকিম লাল মিয়া। বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ক্রিকেট কোচ হাসানুজ্জামান হিলন। প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে দুরন্ত হোটেল বাজারের রাফিউল সেরা খেলোয়াড়ের পুরস্কার লাভ করেন।
কিউট প্রথম বিভাগ ফুটবল লিগে দুরন্ত হোটেল বাজার চ্যাম্পিয়ন এবং বামনপাড়া সবুজ সংঘ রানার্সআপ এর গৌরব অর্জন করে।
- নিজস্ব প্রতিনিধি

আলমডাঙ্গায় কলেজপাড়া একাদশ আয়োজনে ক্রীকেট টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গায় মহান বিজয় দিবস উপলক্ষে কলেজপাড়া একাদশ কতৃক আয়োজিত মাসব্যাপি ১৬ দলের ক্রীকেট টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন অনুষ্টানের প্রধান অতিথি এ্যাডিশনাল আইজিপি মীর শহিদুল ইসলাম।

তিনি বলেন খেলাধুলা স্বাস্থ ও মনকে সুস্থ রাখে। আর সুস্থ দেহ সুস্থ মনের মানুষ কখনও বিপথে পরিচালিত হয়না। তিনি বলেন আমি

জার্মানে গিয়েছিলাম, সেখানে কয়েকটি প্রতিষ্টানে দেখলাম জার্মান ভাষায় লেখা আছে সুস্থ দেহ সুস্থ মন রাখতে হবে,আমি আলমডাঙ্গার সন্তান হিসেবে চাইব এখানকার যুব সমাজ যেন বিপথে না যায়। পুলিশ বিভাগকে বলা আছে তারা মাদকের সাথে কোন আপোষ করবে না,খুলনার ডিআইজি এখানে যে ওসিকে পোষ্টিং দিয়েছে তার একটা টাকাও লাগেনি,তাহলে তারা কেন মানুষের কাছে হয়রানি করে টাকা নেবে। আমরা যে বেতন পাই তাতে আমাদের সংসার চলে যায়,পুলিশ ঘুষ খায় কথাটা প্রচলিত আছে কিন্তু এখন আর আগের যুগ নেই। পুলিশ এখন আধুনিক পুলিশে পরিনত হয়েছে। আমি এই মাটির সন্তান হিসেবে কিছু কাজ করতে চাই, কিন্তু আমাকে দিয়ে কাজ করিয়ে নিতে হবে। সংসদ সদস্যের সাথে আলাপ করে আসেন আমি যদি কোন কাজ করতে পারি নিজেকে ধন্য মনে করব। উদ্বোধনি সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা বনিক সমিতির সাধারন সম্পাদক আলহাজ্ব মীর শফিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন,ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন,সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কৃষিবিদ গোলাম সরোয়ার, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সৈয়দ আশিকুর রহমান,পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন,সম্পাদক মতিয়ার রহমান ফারুক,সমীর কুমার দে,প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,সম্পাদক হামিদুল ইসলাম আজম,সরকারি কলেজের সহকারি অধ্যাপক মহিতুর রহমান, আওয়ামীলীগের প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন প্রমুখ। গতকাল উদ্বোধনি খেলায় নাগদা একাদশ বনাম কলেজপাড়া জুনিয়র একাদশ।

আলমাডাঙ্গা প্রতিনিধি:

মেহেরপুরে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে ড্র

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত কিউট প্রথম বিভাগ ফুটবল লীগে চিরপ্রতিদ্বন্দ্বী বামনপাড়া বটতলা একাদশ ও বামন পাড়া সবুজ সংঘ একাদশের মধ্যকার

খেলাটি ড্র হয়েছে।

গতকাল শনিবার বিকেলে মেহেরপুর স্টেডিয়ামে দ্বিতীয় রাউন্ডে তৃতীয় খেলায় অংশগ্রহণ করে শিরোপা প্রত্যাশী হ্যান্ডবলের দুই জায়ান্ট বামনপাড়া বটতলা একাদশ ও বামন পাড়া সবুজ সংঘ একাদশ। তীব্র প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ খেলাটি অবশ্য শেষ পর্যন্ত ড্র হয়েছে।

এই খেলায় বিজয়ী দল শিরোপার খুব কাছাকাছি চলে যাবে এমন পরিস্থিতিতে খেলতে নেমে শেষ পর্যন্ত দুই দল ১২-১২ গোলে করে অমীমাংসিত ভাবে শেষ করে পয়েন্ট ভাগ করে মাঠ ছাড়ে।

খেলায় বটতলা একাদশের পক্ষে শাহিন ৪টি, সাদ্দাম ৩টি, রাসেল ৩টি, শিশির ১টি আশিক ১টি গোল করেন।
অপরদিকে সবুজ সংঘের পক্ষে হানিফ ৪টি, রাজু ৪টি, আজিজুল ২টি ও বাপ্পি ও আরিফুল ১টি করে গোল করেন।

দ্বিতীয় রাউন্ডের দুটি দল দুটি করে খেলায় অংশগ্রহণ করে এতে সবুজ সংঘ দুই খেলা থেকে ৪ পয়েন্ট এবং বটতলা একাদশ সমসংখ্যক খেলায় ১ পয়েন্ট লাভ করল।

- নিজস্ব প্রতিনিধি

৬ রানে অলআউট মালদ্বীপ, বাংলাদেশের রেকর্ড জয়

দক্ষিণ এশিয়ান গেমস (এসএ) দিয়েই আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটে অভিযান শুরু করেছে মালদ্বীপের মেয়েরা। অন্যদিকে বাংলাদেশের মেয়েরা নিয়মিত আন্তর্জাতিক টি-টোয়েন্টি খেলা দল। দুই দলের শক্তির পার্থক্যটা তাই দিনের আলোর মতোই পরিষ্কার।

পোখারায় আজ তা আরও প্রকটভাবেই বুঝল মালদ্বীপের মেয়েরা। বাংলাদেশ নারী ক্রিকেট দলের কাছে ২৪৯ রানের বিশাল ব্যবধানে হেরেছে মালদ্বীপ।

বাংলাদেশের ছুঁড়ে দেয়া ২৫৬ রানের বিশাল লক্ষ্য তাড়া করতে নেমে খেলেছে ১২ ওভার। রান করেছে কেবল ৬। তাতেই অলআউট হয়ে গেছে দ্বীপ দেশটির মেয়েরা।

বাংলাদেশের বোলার রিতু মনি প্রথম ওভারেই ৩ উইকেট নেন। এর মধ্যে দ্বিতীয় ও তৃতীয় বলে উইকেট পেলেও হ্যাটট্রিকের মুখ দেখেননি তিনি। এরপর নিজের দ্বিতীয় ওভারেও আরও ২টি উইকেটের দেখা পান রিতু। পরের ওভারে অধিনায়ক সালমা খাতুন নেন আরও ২ উইকেট। ৩ রান তুলতেই মালদ্বীপ ততক্ষণে ৬ উইকেট হারিয়েছে। আর ৩ রান তুলতেই বাকি ৪ উইকেট হারায় দলটি।

টস জিতে ব্যাট করতে নেমে জোড়া সেঞ্চুরি উপহার দেন বাংলাদেশের নিগার সুলতানা এবং ফারজানা হক। ১৯ রানের মধ্যে দুই ওপেনার বিদায় নেয়ার পর জুটি বাধেন নিগার এবং ফারজানা।

মালদ্বীপের বোলারদের এরপর তুলোধুনো করতে থাকেন নিগার-ফারজানা। দু’জনের ব্যাট থেকে আসে ২৩৬ রানের বিশাল জুটি। ৬৫ বলে ১১৩ রানে নিগার সুলতানা এবং ৫৩ বলে ১১০ রানে অপরাজিত থাকেন ফারজানা হক। নিগার সুলতানা ১৪টি বাউন্ডারির সঙ্গে ছক্কা মারেন ৩টি। ফারজানা হক বাউন্ডারি মারেন ২০টি।

উল্লেখ্য, এর আগে নেপালের কাছে ১৬ রানে, শ্রীলঙ্কার কাছে ৩০ রানে অলআউট হয় মালদ্বীপ।

- নিজস্ব প্রতিনিধি